

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, মৎস ভবন, রমনা, ঢাকা।

১৭.০৯.২০০৯ তারিখে অনুষ্ঠিত সড়ক নিরাপত্তা কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন উপ-কমিটির ১ম সভার কার্যবিবরণী

সড়ক নিরাপত্তা কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন উপ-কমিটির আহবায়ক ও এনজিও বিষয়ক ব্যুরোর পরিচালক (নিবন্ধন) জনাব এ. এম. সাইফুল হাসান সাহেবের সভাপতিত্বে এবং নিম্নোক্ত সদস্যগণের উপস্থিতিতে ১৭ সেপ্টেম্বর ২০০৯ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় এনজিও বিষয়ক ব্যুরোর সম্মেলন কক্ষে উক্ত উপ-কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়।

- | | |
|-----------------------------|---|
| ১. এ. কে. এম. সামসুল আরেফিন | প্রশাসনিক কর্মকর্তা, কারিতাস বাংলাদেশ। |
| ২. এস আর এম সানোয়ার | ডেপুটি ম্যানেজার, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র। |
| ৩. স্টেফান কে. হালদার | ডাইরেক্টর, পাবলিক এনগেজমেন্ট ডিভিশন, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ। |
| ৪. এ কে এম খায়েরুজ্জামান | প্রকল্প ব্যবস্থাপক, সড়ক নিরাপত্তা প্রকল্প, ব্র্যাক। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানান। অতপর সভাপতির অনুমতিক্রমে উপ-কমিটির সদস্য সচিব ও ব্র্যাক সড়ক নিরাপত্তা প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক জনাব এ কে এম খায়েরুজ্জামান 'National Road Safety Strategic Action Plan' ২০০৫-০৭, ২০০২-০৪, ১৯৯৭-৯৯ এবং ১৯৯৬ সালে বিআরটিএ কর্তৃক আয়োজিত 'Role of NGOs in Traffic Safety' নামীয় সেমিনারের সুপারিশমালা-এর ফটোকপি উপস্থিত সকল সদস্যগণকে সরবরাহ করেন। উপস্থিত সকল সদস্যগণের সাথে বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়-

১. বিআরটিএ সড়ক নিরাপত্তা-এর একটি অন্যতম প্রধান স্টেক হোল্ডার বিধায় এ প্রতিষ্ঠানের একজন প্রতিনিধি (উপ-পরিচালক পদমর্যদার নীচে নহে) উপ-কমিটিতে অন্তর্ভুক্ত করা হবে। এ বিষয়ে এনজিও বিষয়ক ব্যুরো প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
২. ট্রাফিক সুরাংখলা তথা সড়ক নিরাপত্তা বিষয়ে বিভিন্ন সময়ে বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ও সুপারিশ এবং বাংলাদেশের Road Safety Strategic Action Plan-এ উল্লেখিত এনজিও সংশ্লিষ্ট কার্যক্রম সমূহ পর্যালোচনান্তে নিম্নে উল্লেখিত সাম্ভাব্য কার্যক্রমসমূহ প্রাথমিকভাবে চিহ্নিত করা হয়।
 - চালকদের সড়ক নিরাপত্তা প্রশিক্ষণ (বাস, মিনিবাস, ট্যাক্সি-ক্যাব, সিএনজি চালিত অটো-রিক্সা)।
 - প্রাথমিক ও মাধ্যমিক স্কুলে সড়ক নিরাপত্তা শিক্ষা।
 - ট্রাফিক পুলিশদের সড়ক নিরাপত্তা বিষয়ক ওয়ার্কশপ/সেমিনার।
 - বাস ও মিনিবাস মালিকদের সড়ক নিরাপত্তা বিষয়ক ওয়ার্কশপ/সেমিনার।
 - রিক্সা মালিকদের সড়ক নিরাপত্তা বিষয়ক ওরিয়েন্টেশন।
 - ফ্লিপচার্ট ও পোস্টার মুদ্রণ ও বিতরণ।
 - মিডিয়া পাবলিসিটি- বিভিন্ন এনজিও কর্তৃক তৈরিকৃত টিভি ও রেডিও স্পট সংগ্রহ এবং প্রচার।
৩. উল্লেখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট এনজিও-সমূহের নিজস্ব সম্পদ (resources) ব্যবহার করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।
৪. এছাড়া উল্লেখিত বিষয়ে প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়নের জন্য দাতা সংস্থার সাথে আলোচনাক্রমে সংশ্লিষ্ট এনজিও-সমূহকে এনজিও ব্যুরোতে প্রকল্প প্রস্তাব দাখিল করার জন্যও সংশ্লিষ্ট এনজিও-সমূহকে অনুরোধ জানানো হয়।
৫. উপ-কমিটির সিদ্ধান্তসমূহ এনজিও ব্যুরোর ওয়েবসাইটের মাধ্যমে প্রচার করা হবে যাতে অন্যান্য এনজিওসমূহ এ বিষয়ে উদ্যোগী হয়।
৬. উপ-কমিটির সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনার জন্য কমিটির সদস্যগণ সময়ে সময়ে সভায় মিলিত হবে।
৭. আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

স্বাক্ষরিত

২৭/৯/০৯

(এ. এম. সাইফুল হাসান)

আহবায়ক, সড়ক নিরাপত্তা কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন উপ-কমিটি ও
পরিচালক (নিবন্ধন), এনজিও বিষয়ক ব্যুরো